জয়পুরহাট পৌরসভা কার্যালয়

জয়পুরহাট।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২২-২০২৩/ ৪১৬(ক)　　　　তারিখ- ৩-১১-২০২২

## সভার নোটিশ

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, কমিটির সভা ১০/১১/২০২২ খ্রিঃ তারিখ রোজঃ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

আপনাকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। মোছাঃ শাহানাজ বেগমের পরিবর্তে অন্য একজনকে দরিদ্র শ্রেণীর প্রতিনিধি হিসেবে অর্ন্তভূক্ত করণ প্রসঙ্গে।
৩। পৌরসভার বিভিন্ন কর্মকান্ডে দরিদ্র জনগনকে সম্পৃক্ত করা প্রসঙ্গে আলোচনা।
৪। বিবিধ।

**(মোঃ জাকির হোসেন)**
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৩
জয়পুরহাট পৌরসভা।

প্রাপকঃ

..........................................................................

সদস্য/প্রতিনিধি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়

## জয়পুরহাট।

## সভা নং-১০১

**দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) অনুষ্ঠিত সভার কার্যবিবরনীঃ-**

সভাপতি ঃ জনাব মোঃ জাকির হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা।

সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন।

তারিখ ঃ ১০-১১-২০২২ খ্রিঃ।

রোজ ঃ বৃহস্পতিবার।

সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ২ | মোঃ জাকির হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | স্বাক্ষরিত |
| ৩ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | পাপিয়া | কাউন্সিলর, সংরক্ষিত-২, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ ওলিউজ্জামান | কাউন্সিলর, ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | - |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |

আ্যালোচ্য বিষয় ঃ ১। **গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।**

আলোচনা ঃ- গত ১২/১০/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ১২/১০/২০২২ খ্রিঃ তারিখে সভার কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হলো।

আলোচ্য সূচী-২। **মোছাঃ শাহানাজ বেগমের পরিবর্তে অন্য একজনকে দরিদ্র শ্রেণীর প্রতিনিধি হিসেবে অর্ন্তভূক্ত করণ প্রসঙ্গে।**

**আলোচনাঃ** সভাপতি মহোদয় বলেন আপনারা অবগত আছেন যে, এ কমিটিতে দরিদ্র শ্রেণীর প্রতিনিধি হিসেবে দুইজন অর্ন্তভূক্ত আছেন। তারা নিয়মিত কমিটি সভায় উপস্থিত থেকে দরিদ্র জনগোষ্ঠীর স্বার্থ সংশ্লিষ্ট বিষয় সহ বিবিধ বিষয়ে সভায় প্রাণবন্ধ আলোচনা করেন। কিন্তু দরিদ্র শ্রেণীর প্রতিনিধি মোছাঃ শাহানাজ বেগম এর ব্যক্তিগত কারণে বর্তমানে কমিটি সভায় উপস্থিত হতে পারছেনা। বিষয়টি আমাদের কাজে অনাকাঙ্খিত। তাই মোছাঃ শাহানাজ বেগম কে এ কমিটির দরিদ্র শ্রেণীর প্রতিনিধি থেকে বাদ দিয়ে অন্য আরেকজন কে অর্ন্তভূক্ত করার বিষয়ে অভিমত ব্যক্ত করেন। তিনি আরোও বলেন, এমন একজনকে দরিদ্র প্রতিনিধি হিসেবে অর্ন্তভূক্ত করতে হবে, যে সত্যিকারে দরিদ্র শ্রেণীর প্রতিনিধি হিসেবে তার দায়িত্ব সঠিকভাবে পালন করতে পারে এবং তার ব্যক্তিগত চরিত্র ও উন্নত হয়।

**মোছাঃ জান্নাতুল ফেরদৌস**, কাউন্সিলর, সংরক্ষিত-০১, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি বলেন, বিষয়টি যেহেতু গুরুত্বপূর্ন তাই বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের সাথে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া প্রয়োজন।

**সিদ্ধান্তঃ-** দরিদ্র শ্রেণীর প্রতিনিধি পরিবর্তন করা বিষয়ে মেয়র মহোদয়ের সাথে আলোচনা করে, একজন সত্যিকারের দরিদ্র শ্রেণীর প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করতে পারে, সমাজে তার কাজকর্মে সন্তুষ্টি আছে এমন একজন নিযুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করা হলো।

আলোচ্য সূচী-৩। **পৌরসভার বিভিন্ন কর্মকান্ডে দরিদ্র জনগনকে সম্পৃক্ত করা প্রসঙ্গে আলোচনা।**

**আলোচনাঃ-** সভাপতি মহোদয় এ বিষয়ে আলোচনার সূত্রপাত করলে কমিটির সদস্য ও প্রতিনিধিগণ নিম্নোক্ত ভাবে তাদের মতামত তুলে ধরেন।

আলোচনা কালে জনাব মোছাঃ ঝরনা বেগম, দরিদ্র শ্রেণীর প্রতিনিধি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি) সভায় জানান যে, দারিদ্র জনগোষ্ঠী কম বেশী পৌরসভায় সব এলাকায় বসবাস করে। প্রত্যেক এলাকার উন্নয়ন কর্মকান্ডে দরিদ্রশ্রেণীর প্রতিনিধিদের সম্পৃক্ত করা উচিত। তাহলে তারা তাদের প্রয়োজনীয়তা সঠিক ভাবে উপস্থাপন করতে পারবে এবং সে অনুযায়ী কর্মকান্ড পরিচালিত হলে দারিদ্রতা অনেকাংশে লাঘোব করা সম্ভব হবে।

আলোচনাকালে জনাব মোছাঃ জান্নাতুল ফেরদৌস, কাউন্সিলর সংরক্ষিত-১ ও সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি) সভায় জানান যে, দরিদ্র এলাকা তথা বস্তি এলাকার উন্নয়ন সঠিকভাবে করতে চাইলে পৌরসভার প্রতিটি উন্নয়ন কর্মকান্ডে গ্রহনের প্রারম্ভে দরিদ্র জনগোষ্ঠীর মতামতের ভিত্তিতে প্রকল্প গ্রহন ও বাস্তবায়ন করতে হবে।

**সিদ্ধান্তঃ** পৌরসভায় প্রতিটি উন্নয়ন কর্মকান্ডে দরিদ্র শ্রেণীর জনগনকে সম্পৃক্ত করার জন্য পৌরসভার বিভিন্ন কমিটিতে তাদের অন্তর্ভূক্তিসহ সভায় উপস্থিতি নিশ্চিত করার উদ্যেগ গ্রহনের সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত হলো।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

**(মোঃ জাকির হোসেন)**
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২২-২০২৩/ ৪৬৬(৪)

তারিখ- ২০-১১-২০২২

**<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ</u>**

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা
২। জনাব/জনাবা ........................................................ সদস্য
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
৩। অফিস নথি।

**(মোঃ জাকির হোসেন)**
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সভায় উপস্থিত সম্মানিত সদস্য বৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর নিম্নরূপ- (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি ঃ মোঃ জাকির হোসেন, কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ১০/১১/২০২২ ইং।
রোজ ঃ বৃহস্পতিবার।
সময় ঃ ১১.০০ ঘটিকা।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ জাকির হোসেন | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৩<br>জয়পুরহাট পৌরসভা | সভাপতি | [signature] |
| ২ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৩ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১)<br>জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ৪ | মোঃ ওলিউজ্জামান | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-১<br>জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ৫ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২)<br>জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ৬ | এ.টি.এম মোস্তাফিজুর রহমান | সহকারী প্রকৌশলী<br>জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ৭ | মোছাঃ শাহনাজ বেগম | দারিদ্র শ্রেণীর প্রতিনিধি | সদস্য | |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | দারিদ্র শ্রেণীর প্রতিনিধি | সদস্য | [signature] |
| ৯ | মোঃ হাসানুজ্জামান | সমাজ উন্নয়ন কর্মকর্তা<br>জয়পুরহাট পৌরসভা | সদস্য-সচিব | [signature] |